Ref: MIL/BSE/NSE/26
Date: August 3, 2026

BSE Limited **Department of Corporate Services** **P. J. Towers, 25th Floor,** **Dalal Street,** **Mumbai- 400001**	**National Stock Exchange of India Ltd** **Exchange Plaza, C-1, Block-G** **Bandra Kurla Complex,** **Bandra (E)** **Mumbai- 400051**
BSE Security Code: 539400	**NSE Symbol: MALLCOM**

Dear Sir/Madam,

Subject: Notice published in Newspaper(s) for Transfer of Unclaimed Dividend and Equity Shares of the Company to Investor Education and Protection Fund (IEPF) Account

Pursuant to Regulation 30 read with Schedule III, Part A, Paragraph A and Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed copies of Newspaper publications published as a Notice to Shareholders regarding the transfer of unclaimed dividends for the financial year 2018-19 and the corresponding equity shares (in respect of which dividends have remained unclaimed for seven consecutive years) to the Investor Education and Protection Fund (IEPF) Account.

The Company has published the aforesaid notice today in the following newspapers:

- *Business Standard* (English, All Editions)
- *Sukhabar* (Bengali, Kolkata Edition)

Kindly take the above on record.

Thanking you,
Yours faithfully,
For Mallcom (India) Ltd.

Gaurav Raj
Digitally signed by Gaurav Raj
Date: 2026.08.03 18:06:55
+05'30'

Gaurav Raj
Company Secretary & Compliance Officer

Mallcom (India) Ltd.
Regd. Office: EN-12, Sector-V, Salt Lake, Kolkata 700 091, India
+91 33 4016 1000 | sales@mallcom.in | investors@mallcom.in | www.mallcom.in
CIN: L51109WB1983PLC037008

FLOODS AND WATERLOGGING

Insurers expect claims worth ₹5K cr in Gujarat

AATHIRA VARIER
Mumbai, 2 August

With parts of the country witnessing floods, insurers expect nearly ₹5,000 crore worth of claims from rain-battered Gujarat alone. According to them, these claims would mainly be with respect to property losses.

However, they do not believe that premiums would increase in the already discounted property insurance market.

Gujarat saw one of its most severe waterlogging and flood episodes last month. Surat, Navsari, and Valsad were among the worst-affected districts, while Ahmedabad, Vadodara, Rajkot and several other urban centres witnessed submerged roads, resulting in disruptions to transport and public services.

According to an insurance broker, "The insurance industry is expecting over ₹4,000 crore claims from Gujarat floods mainly on the property lines. Motor insurance claims are expected to follow. It is one of the heavily insured states in terms of property insurance."

In comparison, insurance claims during 2024 floods in Gujarat stood at ₹1,500-2,000 crore.

According to reports, thousands of homes and large stretches of road infrastructure were inundated, forcing authorities to evacuate more than 40,000 residents from vulnerable areas.

Schools and colleges were temporarily closed in several districts, and rescue teams, including the Army and disaster response forces, were deployed to assist stranded residents.

"The claims have started coming in from Gujarat. The industry is likely to see nearly ₹4,000-5,000 crore worth of claims mainly on property lines. However, it is also heavily reinsured and hence, direct insurers will not see much pressure on their books. Therefore, despite these incidents, the rates in property insurance lines are not going to see any revision because of the claims. Further, motor insurance claims are also expected to come in gradually," said a senior official at a private insurance firm.

The general insurance industry has seen heavy discounting in fire and property risk to strengthen their topline and recently, the Insurance Regulatory and Development Authority of India (Irdai) had also advised the insurers to maintain prudent underwriting and sustainable pricing amid this intense competition.

8 dead in Kerala floods

Children wade through a waterlogged street in Kochi. Chief Minister V D Satheesan on Sunday said eight people have died, and as many persons are missing following heavy rainfall and landslides in several parts of the state. At least 13 people were injured in rain-related incidents PHOTO: PTI

From blue to saffron: How India's hockey kit changed

A look at the changes in India's hockey World Cup jerseys over the years—featuring the yellow and white kits worn during the 2014 World Cup, alongside the new saffron jersey unveiled for the 2026 edition

PHOTOS: FIH/YOUTUBE, HOCKEY INDIA, ANISH KUMAR

ANISH KUMAR
New Delhi, 2 August

Amid the row over Hockey India (HI)'s decision to introduce a saffron jersey for its teams at the upcoming World Cup, a sneak peek into the men's kit history shows colours changed, but blue remained its primary base.

While HI says that the new design and colour of the jersey is meant to "tell a story" and carry "India's pride" and was finalised after consultations with players and support staff, former players like former captain Viren Rasquinha have questioned the move calling it "embarrassing". Former captain Pargat Singh alleged that everything in the country was being saffronised. Veteran Dhanraj Pillay contended that the blue jersey has been the sport's identity for decades.

For much of the twentieth century, the team played primarily in blue, often combined with white.

India made their Olympic hockey debut at Amsterdam in 1928. In his 1959 book, Portrait of Indian Sport, administrator Anthony de Mello wrote that dark blue, light blue and old gold were selected as sporting colours after discussions involving the Patiala royal family.

FORMER PLAYERS AND VETERANS HAVE QUESTIONED HOCKEY INDIA'S DECISION TO INTRODUCE SAFFRON JERSEY FOR TEAMS

"Historically, blue has been the base colour of the Indian hockey team. The minor variations were navy blue and royal blue," senior sports journalist Norris Pritam said.

The first major modern departure came at the 2000 Sydney Olympics. India wore a light-blue jersey with dark-blue trim, light-blue shorts and light-blue stockings against Australia. The team also used a yellow alternate jersey with blue-and-red detailing, royal-blue shorts and yellow stockings, including in the classification match against Argentina.

Pritam said such changes did not attract significant controversy at the time. He added that the Indian Olympic Association traditionally handled kitting for Olympic and Asian Games contingents, while professional designers and apparel companies later introduced more changes in patterns and colours.

At the 2010 World Cup in New Delhi, India wore a pale-blue jersey, white shorts and dark navy stockings. The alternate strip comprised a white jersey and shorts with orange stockings. Blue and white variants were used again at the 2012 London Olympics.

Another complete departure from blue came at the 2014 World Cup in The Hague, where India wore bright yellow shirts, shorts, and stockings. A white alternate kit with orange panels and stockings was also used.

Blue returned at the 2016 Rio Olympics and remained dominant at the 2018 and 2023 World Cups. White alternate kits appeared at Rio, Tokyo 2020 and Paris 2024, with different stocking colours.

Neet-UG counselling to begin on Aug 4

The first round of counselling for admission to MBBS and other undergraduate medical courses under the All India Quota will begin on August 4 and the academic session for the 2026-27 batch will commence on September 8.

According to the schedule released by the Medical Counselling Committee, the first round of counselling for deemed and central universities will be held from August 4 to August 17. The last date for joining will be August 22.

The second round of counselling will take place from August 24 to September 2, followed by the third round from September 10 to September 18.

The stray vacancy round is scheduled from September 28 to October 3. The last date for joining after the stray vacancy round is October 10.

For state quota seats, the first round of counselling will be conducted from August 13 to August 22, with candidates required to join by August 28. The second round will be held from August 31 to September 8 and the third round from September 16 to September 26. The stray vacancy round for state quota seats will be conducted from October 3 to October 5. PTI

158 exam-related CBI cases await trial to begin

Around 158 cases linked to alleged recruitment examination irregularities are awaiting the start of trial in various courts in the country despite the completion of Central Bureau of Investigation (CBI) investigations, with some of them registered more than two decades ago, sources said.

The CBI has decided to approach all high courts to transfer these pending cases to the fast-track courts, which are being set up in various states to handle cases under the new anti-paper leak law, they said.

Sources said the CBI has decided to convey to the high courts that it will provide dedicated special prosecutors to conduct these trials and make all possible resources available so that they are concluded at the earliest possible. In the national capital Delhi, there are around 25 cases since 2000 that are awaiting trial despite the completion of CBI investigation. PTI

ফেক অ্যাকাউন্ট বানিয়ে ডিসকর্ড অ্যাপে কথা হামিম-অর্পিতার

উজ্জ্বল দত্ত, কলকাতা : ফেক বা ভুয়ো অ্যাকাউন্ট বানিয়ে কথা, তারপরই ভিক্টিমের বিশ্বাস-ভরসা অর্জন করে অপহরণের ষড়যন্ত্র! এমনটাই পরিকল্পনা করত এসটিএফের হাতে জঙ্গি সন্দেহে গ্রেফতার হওয়া হামিম মণ্ডল ও অর্পিতা সরকার। রাজ্য পুলিশের এসটিএফ সূত্রে এরকমই খবর পাওয়া গেছে। জানা গেছে, ঠিক এভাবেই চলত হামিম-অর্পিতার 'হানিট্র্যাপ' পরিকল্পনা। বর্ধমানের জিম থেকে হামিমের গ্রেফতারির পরে ঝাড়খণ্ডের সাহেবগঞ্জে পুলিশের জালে ধরা পড়েছে তাঁর সুন্দরী বান্ধবী অর্পিতা সরকার। তদন্তকারীদের আতসকাচের তলায় এসেছে ধৃত হামিমের সঙ্গে তাঁর বান্ধবীর চ্যাট। এসটিএফ সূত্রে খবর, সেই চ্যাটেই দেখা যাচ্ছে, বান্ধবী অর্পিতা সরকারকে মেসেজ করে হামিম জানায়, 'শাহাজাদ ভাট্টি' গ্যাঙ অস্ত্র পাঠাবে বলে সম্মতি জানিয়েছে। পুলিশের নজর এড়াতে 'ডিসকর্ড' অ্যাপে অর্পিতাকে কথা বলতে বলে হামিম। এমনকী 'হানিট্র্যাপ'-এর জন্য ফেক অ্যাকাউন্ট বানিয়েছিল অর্পিতা। সেখানেই প্রথমে ভিক্টিমের বিশ্বাস-ভরসা অর্জন করত সে। তারপরই অপহরণ করে ষড়যন্ত্রের পরিকল্পনা করা হত। এরমধ্যেই ধৃত অর্পিতার কাছ থেকে ১টি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে যেখানে ২টি সিমকার্ড ছিল। সোশাল

মিডিয়া থেকে পুলিশের নজর এড়াতে ডিসকর্ড অ্যাপে হামিম-অর্পিতা কথা হত। সূত্রের খবর, ২-৩ মাস আগে, রানা নামে পাক-ই-স্তানের এক নাগরিকের সঙ্গে ইনস্টাগ্রামে পরিচয় হয় হামিম মণ্ডলের। এই রানার মাধ্যমেই ধীরে ধীরে কুখ্যাত গ্যাঙস্টার ও জঙ্গি শাহজাদ ভাট্টির গ্রুপের সঙ্গে সে জড়িয়ে পড়ে। পরিচয় হয় হামিদ নামে এক পাক-ই-স্তানের হ্যান্ডলারের সঙ্গেও। এই প্রেক্ষাপটে, ১০-১২ দিন আগে যখন যন্তর মন্তরে সিজেপি-র বিক্ষোভ চলছে, তখন পাক-ই-স্তানের হ্যান্ডলার হামিদই হামিম মণ্ডলকে নির্দেশ দেয়, পুলিশের কিছু পোশাক জোগাড় করতে। তারপর সেই ইউনিফর্ম দিল্লির এক নির্দিষ্ট জায়গায় পৌঁছে দেওয়ার কথা বলা হয়েছিল হামিমকে। সূত্রের খবর, পুলিশের সেই ইউনিফর্ম পরিয়ে আত্মঘাতী বিস্ফোরণের ছক ছিল জঙ্গিদের। কিন্তু আর্থিক লেনদেনের গোপনীয়তা রক্ষা সংক্রান্ত সমস্যার কারণে সেই পরিকল্পনা আর কার্যকর করা যায়নি। শেষ কয়েক মাসে, দিল্লি-সহ একাধিক রাজ্যে শাহজাদ ভাট্টি গ্যাঙয়ের জঙ্গি মডিউল সামনে এসেছে। জুলাই মাসেই দিল্লি পুলিশের স্পেশাল সেল শাহজাদ ভাট্টি গ্রুপের ৬ জনকে গ্রেফতার করে। সূত্রের খবর, গুরুত্বপূর্ণ রেল স্টেশন ও জনবহুল এলাকায় পেট্রোল বোমা দিয়ে হামলা চালানোর ছক কষেছিল ধৃত জঙ্গিরা। এদিকে, বিশেষ সূত্রের খবর, অর্পিতা রাজ্য পুলিশের কয়েকজন সিনিয়র অফিসারের সঙ্গে যোগাযোগ রাখছিল। কয়েকজন রাজনৈতিক ব্যক্তিত্ব ও তাঁদের সচিবদের সঙ্গেও পরিচয় করেছিল যাতে তাঁদের মারফত গোপন খবর পাওয়া যায়। তদন্তকারীদের একাংশ মনে করছে, অর্পিতাকে জেলে আটক পাক গুপ্তচর জ্যোতি মালোহোত্রার মতো করে তৈরি করার চেষ্টা করছিল জঙ্গি বাহিনী।

তারকেশ্বর মেলা নিয়ে বিতর্কিত প্রচারের বিরুদ্ধে মুখ খুললেন এস্টেট ম্যানেজার

অমিত চৌধুরী, হুগলি : তারকেশ্বর মন্দিরে জল ঢালতে হলে দিতে হচ্ছে টাকা। বিতর্কিত ভিডিও সোশাল মিডিয়ায় ভাইরাল হতেই তা নিয়ে মুখ খুললেন মন্দির কর্তৃপক্ষ ও বিজেপি বিধায়করা। মন্দির কর্তৃপক্ষ জানান, কংগ্রেস আমল থেকে স্পেশাল লাইন হচ্ছে। এই বছর নতুন কিছু নয়। যদি কেই চায় স্পেশাল লাইন ছাড়া সাধারণ লাইনে পুজো দিতে পারে। গত এক সপ্তাহ ধরে সমাজ মাধ্যমে ১টি ভিডিও নিয়ে তোলপাড় তারকেশ্বর শ্রাবণী মেলা। ভিডিওতে (যার সত্যতা সুখবর যাচাই করেনি) দেখা যাচ্ছে ২০০ টাকা হাতে নিয়ে এক তীর্থযাত্রী অভিযোগ করছেন তারকেশ্বর মন্দিরে জল ঢালতে হলে দিতে হচ্ছে টাকা। এই ভিডিও নিয়ে বিভিন্ন ইউটিউব ও ফেসবুকে তারকেশ্বর শ্রাবণী মেলার বিরুদ্ধে প্রচার চলতে থাকে। নেটিজনদের সরকার বিরোধী কমেন্টে ভরেছে সমাজ মাধ্যমের দেওয়াল। রবিবার তারকেশ্বর মন্দির এস্টেটের ম্যানেজার প্রশান্ত ভট্টাচার্য বলেন, 'তারকেশ্বরের শ্রাবণী ও চৈত্র মাসের মেলায় যে ভিড় হয় সেখানে সবসময় ১টি সাধারণ লাইন থাকে, ১টি মহিলা লাইন থাকে। এছাড়া আরেকটি স্পেশাল লাইন থাকে। স্পেশাল লাইনের মূল্য ধার্য রয়েছে ১০০ টাকা। স্পেশাল লাইন শুরু হয়েছে কংগ্রেস আমলে। কংগ্রেস, বামফ্রন্ট, তৃণমূল সরকার আর এখন বিজেপি সরকার রয়েছে। সরকারের সঙ্গে এই স্পেশাল লাইনের কোনো সম্পর্ক নেই। এই স্পেশাল লাইন থেকে যে টাকা পাওয়া যায় তা থেকে তারকনাথের সেবা পুজো ও উন্নয়নমূলক কাজে ব্যবহৃত হয়। গত সোমবার প্রশাসনের মতে ২০ লাখ তীর্থযাত্রীর আগমন হয়েছিল। স্পেশাল লাইনে মাত্র ১০ হাজার ১০০ জন জল ঢেলেছেন। স্পেশাল লাইন সম্বন্ধে যে প্রচার চলছে তা সম্পূর্ণ ভুল। স্পেশাল লাইন ছাড়া সকলেই সাধারণ লাইনে দাঁড়িয়ে জল ঢালতে পারে।' তারকেশ্বরের বিধায়ক সন্তু পান ও পুরশুড়ার বিধায়ক সংবাদমাধ্যমকে জানান, 'তারকেশ্বর মন্দিরের এস্টেট ও রাজ্য সরকার সম্পূর্ণ আলাদা। যে

টাকা নেওয়া হচ্ছে তা মন্দির কর্তৃপক্ষের। রাজ্য সরকার অর্থ দিয়ে মেলা সুন্দরভাবে পরিচালনা করার সহযোগিতা করছে। সরকার বিরোধী প্রচারের জন্য এই ধরনের ভিডিও প্রচার করা হচ্ছে।' স্থানীয় বাসিন্দারা জানান, ভিড় সামলাতে পুলিশ-প্রশাসন তারকেশ্বর বাজিতপুর চৌমাথা থেকে কিছু তীর্থযাত্রীকে জয়কৃষ্ণ বাজার দিয়ে ঘুরিয়ে মন্দিরের কাছে নিয়ে যাচ্ছে। এই সব তীর্থযাত্রীরা সাধারণ লাইনে ঢোকার সুযোগ পাচ্ছেন না। বাধ্য হয়ে তাঁদের স্পেশাল লাইনে দাঁড়াতে হচ্ছে। ফলে এধরনের বিতর্ক তৈরি হচ্ছে। অন্যদিকে, রবিবার তারকেশ্বর মন্দিরে সপরিবারে পুজো দিতে আসেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহা। পুজো দিয়ে তিনি সংবাদমাধ্যমকে বলেন, 'পশ্চিমবাংলায় আস্তিকের পরিবেশ এসেছে আগে নাস্তিকের পরিবেশ ছিল। সেই কারণে এখন অনুভূতিটা খুব ভালো হচ্ছে। মনে হচ্ছে ভগবানের কাছে আমরা চলে এসেছি। বাবা তারকনাথের কাছে প্রার্থনা করেছি পশ্চিমবঙ্গ যেন উন্নয়নের দিক থেকে শিখরে পৌঁছোয়। ত্রিপুরাবাসীর জন্য মঙ্গল কামনা করেছি। বাবা সব দেখছেন। পশ্চিমবাংলায় যে অনাচার চলছিল তা থেকে মুক্ত হয়েছে। এটা একমাত্র সম্ভব হয়েছে বাবা তারকনাথের আশীর্বাদে।'

বাজারে বাজারে নজরদারি চালাতে হাজির মন্ত্রী থেকে প্রশাসনের কর্তারা

বর্ধমান

বিপুন ভট্টাচার্য, বর্ধমান : রবিবার সাতসকালেই সবজি বাজারগুলোয় হাজির হলেন রাজ্যের একাধিক মন্ত্রী। এদিন বর্ধমান শহরের নীলপুরবাজারে হাজির হন মৌমিতা বিশ্বাস মিশ্র। অন্যদিকে, গুসকরা বাজারে হাজির হন কলিতা মাঝি। রাজ্যের শিল্প প্রতিমন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র সরকারি আধিকারিকদের উপস্থিতিতেই খতিয়ে দেখেন নীলপুর বাজারে সবজির দাম-দর ঠিক আছে কিনা। খতিয়ে দেখেন বাজারের সামগ্রিক ব্যবস্থাপনাও। পুলিশ ও সরকারি আধিকারিকদের সঙ্গে নিয়ে রবিবার একেবারে সাতসকালেই বর্ধমান শহরের বড়নীলপুর বাজারে হাজির হন রাজ্যের মন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র। সেখানেই ক্রেতা ও বিক্রেতাদের মধ্যে কোনো অভিযোগ বা পালটা অভিযোগ আছে কিনা, বাজারের ব্যবস্থাপনা যথোপযুক্ত কিনা, নিরাপত্তা ঠিকঠাক আছে কিনা তা বুঝে নেওয়ার চেষ্টা করেন। মন্ত্রী জানান, 'সেই অর্থে বড়ো কোনো অভিযোগ নেই। তবে বাজারের নিরাপত্তা ও পরিকাঠামোগত কিছু উন্নয়ন প্রয়োজন। যার জন্য সংশ্লিষ্ট দফতরকে এই বিষয়ে দেখে নিতে বলা হয়েছে। একইসঙ্গে বাজারের নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ করার জন্য পুলিশকেও নির্দেশ দেওয়া হয়েছে।' এদিনই বাজারে মন্ত্রীকে হাতের নাগালে পেয়ে কয়েকজন মহিলা ক্রেতা এগিয়ে আসেন। তাঁদের প্রশ্ন, 'ম্যাডাম, আমরা কি ২৬ লাখের দলেই পড়ে গেলাম? আমরা কি অন্নপূর্ণা পাওয়ার যোগ্য নই? একবার পেলাম তারপর বন্ধ?' আবার এক বৃদ্ধা বলেন, '৭০ বছর হয়ে গেছে আর কত দিনই বা বাঁচব, আমরা কি বার্ধক্য ভাতাটা পাব না?' মন্ত্রী তাঁদের সবাইকে আশ্বস্ত করেন। অন্যদিকে, বাজারদর খতিয়ে দেখতে রাজ্যের আবাসন দফতরের প্রতিমন্ত্রী কলিতা মাজি পুলিশকে সঙ্গে নিয়ে পৌঁছোন গুসকরা বাজারে। সেখানেও তিনি বাজারের বিভিন্ন সবজির দাম জানেন। কোথাও কোনো অভিযোগ আছে কিনা তারও খোঁজখবর নেন।

খড়গপুর

সুমনকুমার দাস, খড়্গপুর : রবিবার সকালে খড়্গপুর গোলবাজার সবজি মার্কেটে অভিযান চালায় মহকুমা প্রশাসন। সঙ্গে ছিল এনফোর্সমেন্ট ব্রাঞ্চের ১টি দল সহ পুরসভার আধিকারিকরা। দলের নেতৃত্বে ছিলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর অলক পুরোহিত, রাজকুমার বিশ্বাস। রবিবার বেলা ১২টার দিকে তাঁরা গোলবাজারে পৌঁছে সবজি, মাছ, মাংস ও ডিমের দামের ব্যাপারে খোঁজখবর নেন। পাইকারি ও খুচরো ক্রয় মূল্য ও বিক্রয় মূল্য নিয়ে তথ্য সংগ্রহ করেন। ডেপুটি কালেক্টর অলক পুরোহিত বলেন, 'জেলা প্রশাসনের নির্দেশে গোলবাজারে সবজি, মাছ, মাংস, ডিমের দাম খতিয়ে দেখার জন্য মহকুমা প্রশাসন, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ ও পুরসভার আধিকারিকরা এসেছিলাম। পাইকারি ও খুচরো মূল্যে খুব বেশি দামের পার্থক্য পাওয়া যায়নি। তবে দোকানদারদের বলা হয়েছে তাঁরা যাতে আনাজপাতি সহ অন্যান্য সামগ্রীর মূল্য তালিকা টাঙিয়ে রাখেন।' বাজারের দোকানদারদের সঙ্গে তাঁরা কথা বলেন। এদিন চন্দ্রকোনা রোড বাজার ঘুরে দেখেন জেলা পুলিশসুপার পাপিয়া সুলতানা ও জেলা প্রশাসনের কর্মীরা। বাজারে সবজি সহ খাদ্যপণ্যের নানা জিনিসপত্রের দাম জিজ্ঞেস করেন। পুলিশসুপার বলেন, 'মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্য জুড়ে আনাজপাতির বাজারে অভিযান চলছে। আমি চন্দ্রকোনা রোড বাজার পরিদর্শন করে দেখলাম এখানে জিনিসপত্রের দাম আয়ত্বের মধ্যেই রয়েছে। এবার সাতসকালে বিভিন্ন পাইকারি বাজারে অভিযান চালিয়ে দেখা হবে সেখানে মূল্য ঠিক রয়েছে কিনা। ১ সপ্তাহ জেলা জুড়ে এমন অভিযান চলবে।'

বারুইপুর

প্রদীপকুমার সিংহ, বারুইপুর : মুখ্যমন্ত্রীর নির্দেশ মেনে কালোবাজারি রুখতে রবিবার সাতসকালে বারুইপুর কাছারি বাজারে এনফোর্সমেন্ট আধিকারিক, বারুইপুর থানার পুলিশ, বারুইপুর পুরসভাও বারুইপুর বিডিও অফিসের আধিকারিকরা যৌথ উদ্যোগে অভিযান চালান। কাছারি বাজারে মাছের বাজার, সবজির বাজার, ফলের বাজার মুদিখানার দোকান থেকে শুরু করে সব বাজারে অভিযান চালানো হয়। আলু পেঁয়াজে দাম জিজ্ঞাসা করে দেখা হয় কত বেশি। ডিমের বাজারে গিয়ে সেখানকার ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেন প্রশাসনের কর্তারা। ফল ও মাছের বাজারে গিয়েও তাঁরা দর জানেন। মুদির দোকানে গিয়ে ব্যবসায়ীদের থেকে চাল, ডাল, তেল, লঙ্কা, হলুদ থেকে প্রভৃতি জিনিসের দাম প্যাকেট ধরে জিজ্ঞাসাবাদ করেন প্রশাসনের কর্তারা। প্যাকেটের মধ্যে ম্যানুফ্যাকচারিং ডেট, এক্সপায়ারি ডেট, কত দাম সেসব খুঁটিয়ে দেখা হয়। বেশ কিছু ব্যবসায়ীকে সতর্ক করে দেওয়া হয় জিনিসপত্র দাম রেট চার্ট অনুযায়ী দোকানে ঝুলাতে হবে। বাংলায় লেখা হবে। কারণ অনেক মানুষ ইংরেজি বোঝে না। এনফোর্সমেন্ট দফতরের আধিকারিকরা বলেন, 'রবিবার সকালে গড়িয়া, রাজপুর, সোনারপুর ও বারুইপুর কাছারি বাজারে এই অভিযান চালানো হয়।'

কাজের খোঁজে মেমারি থেকে রাজস্থানে, ২ নাবালিকা উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান : পড়ালেখা নিয়ে মা, বাবা বকাবকি করায় এক যুবকের পাল্লায় পড়ে বাড়ি থেকে পালিয়ে কাজের খোঁজে মেমারি থেকে সোজা রাজস্থানে পৌঁছে যায় নবম শ্রেণির ২ ছাত্রী। সিসিটিভি ফুটেজ ও ফোনের টাওয়ার লোকেশন ট্র্যাক করে ১ মাস পর তাদের ফিরিয়ে আনে বর্ধমান জিআরপি। ১ জুলাই বর্ধমানের রামাশিস হিন্দি হাই স্কুলের ৫ ছাত্রী স্কুল যাওয়ার নাম করে মেমারি থেকে বর্ধমানের ট্রেন ধরে। বর্ধমান স্টেশন থেকে ৩ ছাত্রী স্কুলে চলে যায়। বাকি ২জন ওয়াশরুমে ঢুকে স্কুলের পোশাক বদলে সাধারণ পোশাক পরে। এরপর তারা ট্রেন ধরে মেমারি ফিরে যায়। সেখানে ১টি সেকেন্ড হ্যান্ড মোবাইল ফোন কেনে। এরপর ট্রেন ধরে প্রথমে বিহার ও সেখান থেকে যায় রাজস্থান। ১৬ জুলাই পরিবারের পক্ষ থেকে বর্ধমান থানার নিখোঁজের ডায়েরি করা হয়। এরপর রেল পুলিশ তদন্ত শুরু করে। সিসি ক্যামেরার ফুটেজ ও মোবাইল নম্বরের সূত্র ধরে রাজস্থানের ফুলবাগ এলাকা থেকে ৩১ জুলাই তাদের উদ্ধার করা হয়। ওই ২ ছাত্রীকে বর্ধমান নিয়ে আসা হয়। ঘটনায় এক যুবককে গ্রেফতার করা হয়েছে। খবর পেয়ে বর্ধমান জিআরপি থানায় যান মেমারির বিধায়ক মানব গুহ। তিনি বলেন, 'প্রেম বা অপহরণের ঘটনা নয়, ওই ২ ছাত্রী পড়ালেখার বদলে সোশাল মিডিয়ায় সময় কাটাত বেশি। তাই বাড়ির লোকেরা বকাবকি করে। তাতেই তারা বিহার, হরিয়ানা হয়ে রাজস্থান চলে যায়। তাদের বড়ো ক্ষতি হতে পারত। সোশাল মিডিয়ায় এই ছেলেমেয়েরা বুঁদ হয়ে থেকে বিপথে চালিত হচ্ছে। ২টি মেয়ের পরিবার আমার কাছে এসেছিল। জিআরপির তৎপরতায় তারা উদ্ধার হয়েছে।'

বেআইনি মদ ব্যবসায়ী ধৃত

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে সূর্যপুর পুলিশ ফাঁড়ির পুলিশ শনিবার সন্ধ্যায় নবগ্রাম পঞ্চায়েত এলাকার তেউরহাট গ্রামে অভিযান চালিয়ে বেআইনি মদ ব্যবসায়ী প্রদীপ নস্করকে (৪৬) গ্রেফতার করে। উদ্ধার হয়েছে বেশ কিছু বাংলা মদ। অভিযুক্তের বাড়িতে অবৈধভাবে বাংলা মদ মজুত রেখে বিক্রি করা হচ্ছে, এই তথ্যের ভিত্তিতে সূর্যপুর পুলিশ ফাঁড়ির ১টি দল ঘটনাস্থলে পৌঁছে তল্লাশি চালায়। তল্লাশিতে ২০ বোতল বাংলা মদ (মোট ১২ লিটার) উদ্ধার হয়। অভিযুক্তের কাছে মদ সংরক্ষণ ও বিক্রির বৈধ লাইসেন্স না থাকায় পুলিশ তাকে গ্রেফতার করে।রবিবার দুপুরে তাকে আদালতে তোলা হয়।

শিক্ষাকে রাজনীতিমুক্ত করতে হবে সম্মেলন থেকে দাবি এবিআরএসএম'র

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান : শিক্ষকদের দাবিদাওয়া, আন্দোলন চলবে। রাজ্যে রাষ্ট্রবাদী সরকার আসার পরও তাঁরা যেহেতু অরাজনৈতিক সংগঠন, তাই তাঁদের আন্দোলন চলবে। রবিবার অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘের জেলা সম্মেলন থেকে এই বার্তাই দেওয়া হয়। এদিন বর্ধমানের দেওয়ানদিঘীতে ১টি স্কুলে এই সংগঠনের জেলা সম্মেলন হয়। ছিলেন রাজ্যের ২ মন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র, কলিতা মাঝি, বিজেপির জেলা সভাপতি অভিজিত তা, জেলা কমিটির সদস্য অঞ্জন মুখোপাধ্যায় সহ সংগঠনের রাজ্য সম্পাদক বাপি প্রামাণিক, জেলা সম্পাদক পার্থ সারথী ঘোষ, মিডিয়া কো-অর্ডিনেটর ইন্দ্রনীল কোনার ও জেলার একাধিক বিজেপি বিধায়ক। এদিন ভাতারের বিজেপি বিধায়ক সৌমেন কার্ফা বলেন, 'এতদিন যুবসমাজকে দলীয় অফিসে বসিয়ে রেখে তোলাবাজি, দাঙ্গাবাজির শিক্ষা দিয়েছে তৃণমূল। আমরা চাই কোনো যুবই যেন আর পার্টি অফিসে না বসেন, তাঁরা যেন কাজ করেন। তাঁদের কাজের পরিবেশ তৈরি করার লক্ষ্য নিয়ে রাজ্য সরকার চলছে। আর এই কাজ সম্পূর্ণ হলে সমাজের এধরনের দাঙ্গাবাজি, তোলাবাজি আর অবশিষ্ট থাকবে না।' এদিন সংগঠনের জেলা সম্পাদক পার্থসারথী ঘোষ বলেন, 'শিক্ষকদের ন্যায্য এই দাবিদাওয়া আন্দোলন পূরণ না হওয়া পর্যন্ত চলবে। ডি.এ, ইনক্রিমেন্ট দিতে হবে। এব্যাপারে যরাজ্য সরকারের কাছে আবেদন করা হবে। শিক্ষাকে রাজনৈতিক মুক্ত করতে হবে। শিক্ষাব্যবস্থার উন্নতি করতে হবে। উন্নততর শিক্ষাব্যবস্থা প্রণয়নের চেষ্টা চলবে। সমাজের কাছে, মানুষের কাছে জাতির মেরুদণ্ড হিসাবে শিক্ষাকে প্রতিষ্ঠিত করতে হবে। আগে দাবিদাওয়া নিয়ে আন্দোলন করলে সাধারণ মানুষ বলত শিক্ষকরা তো স্কুলই যায় না, তাদের আবার দাবি কী! সেখান থেকে বেরিয়ে আসতে হবে। শিক্ষা হিতে সমাজ, ও শিক্ষা হিতেই শিক্ষক - এই ব্যবস্থাকে চালু করতে হবে। শিক্ষকদের রাজনীতিতে যুক্ত করা যাবে না।' এদিন এই সম্মেলনে প্রায় ১৫০০ প্রতিনিধি অংশ নেন।